



ইনজিনিয়ারিং ইউনিভারসিটি স্কুল এন্ড কলেজ

বুয়েট ক্যাম্পাস, ঢাকা- ১০০০, ফোন- ৫৮৬১৬১২৭

ইইউএসসি- ৮৯/২০১৮/ফাঃ ভর্তি ২০১৯

তারিখ : ২৪.১০.২০১৮


২০১৯ শিক্ষাবর্ষে কেজি, ১ম, ২য় ও ৬ষ্ঠ শ্রেণিতে অভ্যন্তরীণ ছাত্র-ছাত্রী ভর্তি প্রসঙ্গে

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী এবং অত্র স্কুল এন্ড কলেজের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদের অত্র প্রতিষ্ঠানে উল্লিখিত শ্রেণিসমূহে ভর্তির জন্য আবেদন পত্র আগামী ২৯.১০.২০১৮ হতে ০৬.১১.২০১৮ তারিখ পর্যন্ত (শুক্রবার ও ছুটির দিন ব্যতীত প্রত্যহ) সকাল ৯.০০ টা থেকে বেলা ২.০০ টা পর্যন্ত বিদ্যালয় অফিস হতে বিতরণ করা হবে। সকল কার্য দিবসে বিদ্যালয়ের অফিস হতে ২০০.০০ টাকার বিনিময়ে আবেদন ফরম সংগ্রহ করা যাবে। অত্র বিদ্যালয়ে ২০১৮ শিক্ষাবর্ষে কেজি শ্রেণির বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদেরকেও ২০১৯ শিক্ষাবর্ষে প্রথম শ্রেণিতে ভর্তির জন্য আবেদন ফরম সংগ্রহ পূর্বক নির্ধারিত তারিখের মধ্যে যথারীতি আবেদন করতে হবে।

আবেদন ফরম যথাযথভাবে পূরণকরতঃ দুই কপি পাসপোর্ট সাইজের ছবি ও অন্যান্য প্রয়োজনীয় কাগজ পত্র (জন্ম নিবন্ধন সনদ, পাঠোন্নতি পত্র, ছাড়পত্র প্রযোজ্য ক্ষেত্রে) সহ ৩০.১০.২০১৮ হতে ১০.১১.২০১৮ তারিখ পর্যন্ত (শুক্রবার ও ছুটির দিন ব্যতীত প্রত্যহ) সকাল ৯.০০ টা থেকে বেলা ২.০০ টার মধ্যে বিদ্যালয়ের অফিসে জমা দিয়ে প্রবেশ পত্র সংগ্রহ করতে হবে।

কেজি শ্রেণিতে ভর্তির জন্য ১৫.১১.২০১৮ তারিখ বৃহস্পতিবার সকাল ১০.০০ টায় সাক্ষাৎকার গ্রহণ করা হবে এবং ১৯ ও ২০ নভেম্বর, ২০১৮ তারিখে ভর্তি করা হবে। অত্র বিদ্যালয়ের কেজি শ্রেণি হতে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ১২ ডিসেম্বর, ২০১৮ তারিখে কোন পরীক্ষা ছাড়াই সরাসরি প্রথম শ্রেণিতে ভর্তি করা হবে। প্রথম শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক অভ্যন্তরীণ প্রার্থী কিন্তু অত্র বিদ্যালয়ে কেজি শ্রেণিতে অধ্যয়ন করে নাই তাদের ভর্তির জন্য লিখিত পরীক্ষার তারিখ পরবর্তীতে জানানো হবে। ২য় ও ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির জন্য লিখিত পরীক্ষার তারিখ যথাসময়ে জানানো হবে।

[বিঃ দ্রঃ- কেজি শ্রেণিতে ভর্তিচ্ছু প্রার্থীর বয়স : ২০১৯ সালের জানুয়ারি মাসের ০১ তারিখে ৪ বছর ৬ মাস থেকে ৫ বছর ৬ মাসের মধ্যে হতে হবে। বয়সের প্রমাণ পত্র হিসেবে সিটি করপোরেশন/পৌরসভা/ইউনিয়ন কাউন্সিল কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদ আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।]


(মোঃ শামসুল হক)
অধ্যক্ষ

ইনজিনিয়ারিং ইউনিভারসিটি স্কুল এন্ড কলেজ

ঢাকা- ১০০০।

মোঃ শামসুল হক

অধ্যক্ষ

ইনজিনিয়ারিং ইউনিভারসিটি স্কুল এন্ড কলেজ

ঢাকা-১০০০

ইন্ডের নং-০০৯৯২৪

বিতরণ : সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জরুরী ভিত্তিতে অবগতির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল।

for email, circulation in N.B